

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১২৪.০১.০৮১.১৮-৭৫

তারিখঃ ১৩.০৮.২০২০ খ্রিঃ

বিষয়ঃ অডিট অনাপত্তির ছাড়পত্র প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রায়শই লক্ষ্য করা যায় যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার জেলা/উপজেলা পর্যায়ের পিআরএল মঞ্জুরকৃত কর্মকর্তাগণ তাদের অডিট ছাড়পত্র প্রদানের আবেদন জেলা/উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানের মাধ্যমে (অধ্যক্ষ, মেডিকেল কলেজ/ উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ইত্যাদি) সরাসরি অত্র বিভাগের সচিব মহোদয়ের বরাবর পত্র প্রেরণ করে থাকেন, যা সচিবালয় নির্দেশমালার লঙ্ঘন। এতে করে একদিকে যেমন মহাপরিচালকগণ/সংস্থা প্রধানগণ আবেদনকারী কর্মকর্তার অডিট আপত্তির বিষয়ে অবহিত থাকেন না, তেমনি বিষয়ভুক্ত কর্মকর্তার সুদীর্ঘ চাকরি জীবনের সকল কর্মস্থলের অডিট আপত্তি সম্পর্কে অত্র বিভাগের নিকট বিস্তারিত তথ্য না থাকায় সেটি নিষ্পত্তি করতেও দীর্ঘ সময় অতিবাহিত হয়, যা কিছুতেই কাম্য নয়।

০২। এমতাবস্থায়, আবেদনকারী কর্মকর্তাগণের অডিট অনাপত্তির ছাড়পত্র দ্রুততার সংগে প্রদানের লক্ষ্যে সচিব মহোদয় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেছেন-

“স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার মহাপরিচালক/সংস্থা প্রধানগণ তাদের নিকট সংরক্ষিত আবেদনকারী কর্মকর্তাগণের সমগ্র কর্মজীবনের/সকল কর্মস্থলের অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি/ডাটা বেইজ পর্যালোচনাপূর্বক তাদের আওতাধীন কর্মকর্তাগণকে অডিট আপত্তি/অনাপত্তি সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রদান করবেন এবং উক্ত প্রত্যয়নপত্র যথারীতি অত্র বিভাগে প্রেরণ করবেন”

০৩। সচিব মহোদয়ের উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনপূর্বক সংযুক্ত ছক মোতাবেক (কপি সংযুক্ত) প্রত্যয়নপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তদুপরি অত্র বিভাগের অডিট শাখার গত ২৭.০৭.২০২০ তারিখের ৫৯.০০.০০০০.১২৪.০১.০৮১.১৮-৭০ নং স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো। বিষয়টি অতীব জরুরি।

স্বাক্ষরিত/-

(মো: কায়ছার রহমান)

উপসচিব (অডিট)

ফোন: ৯৫৪৯১৯২

mefwdaudit@gmail.com

সংযুক্তঃ ১ (এক) পাতা।

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শের-ই-বাংলানগর, আগারগাও, ঢাকা।
- ৫। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।


নং- ৫৯.০০.০০০০.১২৪.০১.০৮১.১৮-৭৫/১ (৫)

তারিখঃ ১৩.০৮.২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (আঃব্যঃওঅডিট), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৩। যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

✓ ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মো: কায়ছার রহমান)
উপসচিব (অডিট)